DhakaProbe

সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 05:23 AM


রাজনীতি

# ১১ দলীয় এমপিরা সংসদ বর্জন করে রাজপথে নামলে সরকার দুই দিনও টিকবে না: আমির হামজা


প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি



প্রকাশের তারিখ: বুধবার, ০৫ আগস্ট ২০২৬, ০৮:৪৩ PM





ছবি কুষ্টিয়া প্রতিনিধি

জুলাই অভ্যুত্থানের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে কুষ্টিয়ায় ১১ দলীয় ঐক্যের উদ্যোগে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য ও ইসলামী বক্তা মাওলানা মুফতি আমির হামজা বলেছেন, জামায়াতে ইসলামীসহ ১১ দলীয় সংসদ সদস্যরা যদি সংসদ বর্জন করে রাজপথে নামেন, তাহলে সরকার দুই দিনও টিকতে পারবে না।

বুধবার (৫ আগস্ট) বিকেলে কুষ্টিয়া পৌরসভার বিজয় উল্লাস চত্বরে অনুষ্ঠিত সমাবেশে তিনি এসব কথা বলেন।

খেলাফত মজলিস কুষ্টিয়া জেলা শাখার সভাপতি মাওলানা আব্দুল লতিফের সভাপতিত্বে এবং জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি এনামুল হকের সঞ্চালনায় সমাবেশে বক্তব্য দেন কুষ্টিয়া-৪ আসনের সংসদ সদস্য আফজাল হোসেন, এনসিপির কুষ্টিয়া জেলার প্রধান সমন্বয়কারী

জান্নাতুল ফেরদৌস টনিসহ ১১ দলীয় জোটের নেতারা।

সমাবেশে আমির হামজা বলেন, “পৃথিবীতে যারা স্বৈরাচার হয়ে দেশ ছেড়েছে, তারা আর ফিরে আসেনি। তারপরও দেশে ১১ দলীয় ঐক্যকে ভাঙার নানা চেষ্টা চলছে।”

আল্লামা দেলাওয়ার হোসাইন সাঈদীর ছবি অবমাননার প্রসঙ্গ তুলে তিনি অভিযোগ করেন, এ ধরনের ঘটনার পেছনে ষড়যন্ত্র রয়েছে। এ বিষয়ে তিনি সরকারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান। বক্তব্যে তিনি এ ঘটনার সঙ্গে জড়িতদের সম্পর্কে তীব্র ও বিতর্কিত মন্তব্যও করেন।

সরকারের উদ্দেশে আমির হামজা বলেন, “দেশ পরিচালনার দায়িত্ব আপনাদের। পাঁচ বছর পরিচালনা করুন, কিন্তু জনগণের প্রত্যাশা অনুযায়ী পরিচালনা করুন। দেশে যদি জামায়াতে ইসলামীসহ ১১ দলীয় সংসদ সদস্যরা সংসদ বর্জন করে রাজপথে নামেন, তাহলে সরকার দুই দিনও টিকতে পারবে না।”

তিনি আরও অভিযোগ করেন, দেশের বিভিন্ন স্থানে চাঁদাবাজি ও দখলবাজি বেড়েছে এবং কুষ্টিয়ায় উন্নয়নমূলক কর্মকাণ্ডে বাধা সৃষ্টি করা হচ্ছে। এসব বিষয়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তিনি।

সমাবেশ শেষে পৌরসভা চত্বর থেকে একটি বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বড়বাজার রেলগেট এলাকায় গিয়ে শেষ হয়।

---

## এ বিভাগের আরও খবর




**৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেন হাসিনা**
চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, বিগত সরকারের সময় দেশের ৯৮ শতাংশ গ্যাসের নিয়ন্ত্রণ একটি বিশেষ দেশের হাতে তুলে দেওয়া হয়েছিল। স্বৈরাচারী সরকার...




### বিদ্যুৎ ও জ্বালানি সংকট, বিশেষ অধিবেশন চেয়ে রাষ্ট্রপতিকে বিরোধীদলীয় নেতার চিঠি

দেশে চলমান তীব্র বিদ্যুৎ ও জ্বালানি সংকটসহ সার্বিক আর্থ-সামাজিক ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি রোধে জাতীয় সংসদের বিশেষ অধিবেশন আহ্বানের অনুরো...



### বিএনপির স্থায়ী কমিটিতে চমক, রিজভী-আমানসহ নতুন দায়িত্বে ৪ নেতা

দলের সাংগঠনিক গতিশীলতা বাড়াতে বিএনপির জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) বিএনপির সহ-দফতর সম্পাদ...



### গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর ছিলেন খালেদা জিয়া: মির্জা ফখরুল

বিএনপির সদ্য সাবেক মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গণতান্ত্রিক রাজনীতির মূল কারিগর খালেদা জিয়া। তিনি বাংলাদেশের ভাগ্যের সঙ্গে জড়িয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/politics/11-dliy-empira-sngsd-brjn-kre-rajpthe-namle-srkar-dui-dino-tikbe-na-amir-hamja